

# লম্বা ছুটি শেষে শিক্ষাপ্রতিষ্ঠান খুলছে রবিবার

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

পবিত্র রমজান মাস ও ঈদুল ফিতরের উপলক্ষে টানা এক মাসেরও বেশি সময় ধরে বন্ধ রয়েছে দেশের প্রাথমিক থেকে শুরু করে উচ্চমাধ্যমিকের সব প্রতিষ্ঠান। প্রায় ৪০ দিনের লম্বা এই ছুটি শেষ হচ্ছে আগামী ২৬ মার্চ (বৃহস্পতিবার)। তবে পরপর দুদিন শুক্রবার (২৭ মার্চ) ও শনিবার (২৮ মার্চ) সাপ্তাহিক ছুটি থাকায় শ্রেণি কার্যক্রম শুরু হচ্ছে আগামী রবিবার (২৯ মার্চ) থেকে। সংশোধিত বার্ষিক ছুটির তালিকা থেকে এ তথ্য জানা গেছে।

সংশোধিত ছুটির তালিকায় পবিত্র রমজান ও ঈদের ছুটি শুরু হয় গত ১৯ ফেব্রুয়ারি

(বৃহস্পতিবার) থেকে এবং সেখানে আগামী ২৬  
মার্চ পর্যন্ত বন্ধ রাখার কথা বলা হয়।

## পড়ুন



ইরানের সঙ্গে আলোচনায় ব্যর্থ হলে কী  
করবে ট্রাম্প?

এদিকে, গত ৮ মার্চ মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধের  
ফলে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে দেশের সব  
সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় বন্ধের  
সিদ্ধান্ত নিয়েছিল সরকার। প্রধানমন্ত্রী তারেক  
রহমানের নির্দেশে বিদ্যুৎ সাশ্রয়ের জন্য ঈদের  
ছুটি এগিয়ে এনে পরদিন সোমবার (৯ মার্চ)  
থেকে সব বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়া হয়।

ঈদের ছুটি শেষে আগামী রবিবার থেকে ঢাকা  
বিশ্ববিদ্যালয়সহ দেশের অধিকাংশ সরকারি ও  
বেসরকারি উচ্চশিক্ষাপ্রতিষ্ঠান খুলছে।

গত ৯ মার্চ এক বিজ্ঞপ্তিতে ঢাবি প্রশাসন  
বলেছিল, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী  
সোমবার (৯ মার্চ) থেকে ২৮ মার্চ (শনিবার)  
ঈদের ছুটি পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস  
ও পরীক্ষা বন্ধ থাকবে।

